

দেশের অন্যতম বড় গণিত উৎসব অনুষ্ঠিত

অনলাইন ডেক্স



গণিতবিদি ২০২৫ এর জাতীয় পর্ব অনুষ্ঠিত।

দেশের অন্যতম বড় গণিত উৎসব 'গণিতবিদি ২০২৫' এর জাতীয়

পর্ব, পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১৭ অক্টোবর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর

রহমান গণিত ভবনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ অলিম্পিয়াডিয়ান্স ক্লাব (বিওসি) আয়োজিত এই

অনুষ্ঠানে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও

বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল

ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে

পুরস্কার তুলে দেন।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বলেন,

গণিতকে আমরা যদি কাজে লাগাতে পারি তাহলে দেশকে অনন্য

উচ্চতায় নিয়ে যেতে পারব।

আমি অভিভাবকদের অনুরোধ করব, আপনার সন্তানকে সব সময়
ভরসা দেবেন। তাদের পাশে থেকে আশা ও সাহস জোগাবেন,
যেন তারা আকাশ ছুঁতে পারে। আপনার সন্তান অনেক ভালো কিছু
করতে পারবে। এ সময় তিনি শিক্ষার্থীদের মোবাইল ফোনের
মাত্রাত্তিক্রম ব্যবহার থেকে বিরত থাকার আহ্বান জানান।

৫



আগামীকাল রিয়া মনিকে তালাকের পর দুধ দিয়ে
গোসল করব : হিরো আলম

‘গণিতবিদ ২০২৫’ আয়োজক কমিটির আহ্বায়ক মো. রেজাউল
ইসলাম রনির সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে
উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের
চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ফেরদৌস, গণিত বিভাগের
অধ্যাপক ড. মোহাম্মদ বাবুল হাসান ও ফলিত গণিত বিভাগের
অধ্যাপক।

সারা দেশ থেকে ২ হাজার শিক্ষার্থীর থেকে বাছাইকৃত ২০০
শিক্ষার্থীর অংশগ্রহণে অনুষ্ঠিত হয় গণিতবিদ ২৫ এর জাতীয় পর্ব।
ওই শিক্ষার্থীদের মধ্যে থেকে ৬০ জন খুদে গণিতবিদকে বিভিন্ন
ক্যাটাগরিতে এবং সেগমেন্টে পুরস্কার প্রদান করা হয়। অতিথিরা
জাতীয় পর্বের বিজয়ীদের হাতে সার্টিফিকেট ও পুরস্কার তুলে
দেন।

এ ছাড়া সব অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়।

জাতীয় পর্যায়ের এই প্রতিযোগিতায় দেশের বিভিন্ন স্তরের শিক্ষার্থীদের মধ্যে গাণিতিক দক্ষতা, যৌক্তিক বিশ্লেষণ ও সৃজনশীল চিন্তাশক্তি বিকাশের লক্ষ্যে বাংলাদেশ অলিম্পিয়াডিয়ান্স ক্লাব (বিওসি) এই প্রতিযোগিতা আয়োজন করে। শিক্ষার্থীরা প্রাইমারি, জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশ নেয়। গত ২৯ ও ৩০ আগস্ট অনলাইনে প্রতিযোগিতার বাছাইপর্ব অনুষ্ঠিত হয়। বাছাইপর্বের বিজয়ীদের নিয়ে জাতীয় পর্বের আয়োজন করা হয়।

আয়োজকরা জানান, করোনাকালীন সময়ে ২০২০ সালে অনলাইন প্ল্যাটফর্মে আয়োজনের মধ্য দিয়ে ‘গণিতবিদ’ যাত্রা শুরু করে। এটি কেবল প্রতিযোগিতা নয়; বরং শিক্ষার্থীদের জন্য নতুন সন্তাননার দ্বার। এটি তাদের যুক্তিভিত্তিক চিন্তা, সমস্যা সমাধান দক্ষতা এবং আন্তর্জাতিক পর্যায়ের প্রস্তুতির মধ্যে হয়ে উঠেছে।

প্রসঙ্গত, ‘Explore your hidden talent’ মূলমন্ত্র ধারণ করে বাংলাদেশ অলিম্পিয়াডিয়ান্স ক্লাব (বিওসি) ২০১০ সালে যাত্রা শুরু করে। অলিম্পিয়াড সংস্কৃতি সারা দেশে ছড়িয়ে দিতে বিওসি নিয়মিত অলিম্পিয়াড, ক্যাম্প, কর্মশালা ও সৃজনশীল প্রতিযোগিতা আয়োজন করে আসছে।

